

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সূত্র-সার্কুলার লেটার নং-ডিএমডি-০৪/২০১২

তারিখ-০৫/১২/২০১২

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বগুড়া/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/সদরঘাট, ঢাকা।

প্রিয় মহোদয়,

১০০/- টাকা মূল্যমানের বিকৃত/বাতিলকৃত প্রাইজবন্ড ধ্বংসকরণ প্রসংগে।

সরকার কর্তৃক ১০০/- টাকা মূল্যমানের বিকৃত/বাতিলকৃত প্রাইজবন্ড ধ্বংস করার সিদ্ধান্ত পাওয়া গিয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনাদের অফিসে সংরক্ষিত উক্ত প্রাইজবন্ড নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করে ধ্বংস করার পরামর্শ দেয়া যাচ্ছে :-

- ১। বিকৃত/বাতিলকৃত প্রাইজবন্ডসমূহের ধ্বংস কাজ স্ব স্ব অফিসের নিম্নোক্ত কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা সম্পন্ন করতে হবে:-
 - ক) যুগ্ম-ব্যবস্থাপক(ব্যাকিং)/যুগ্ম-ব্যবস্থাপক(প্রাইজবন্ড) (দলনেতা),
 - খ) ক্যাশ বিভাগের যুগ্ম-ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পর্যায়ের একজন প্রতিনিধি,
 - গ) নিরীক্ষা শাখার দায়িত্বে নিয়োজিত যুগ্ম-ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পর্যায়ের একজন প্রতিনিধি, মতিঝিল অফিসের ক্ষেত্রে উক্ত কমিটিতে ইস্যু বিভাগের যুগ্ম-ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পর্যায়ের একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।
- ২। ক্যাশ কাউন্টারের মাধ্যমে বন্ডসমূহ গ্রহণ করার সময় যেহেতু ক্যাশ বিভাগ কর্তৃক উহা গণনা করা হয়েছে সেহেতু ধ্বংস করার প্রাক্কালে ক্যাশ বিভাগ কর্তৃক পুনরায় তা গণনা করার প্রয়োজন নেই। তবে ভেরিফিকেশন শাখার মাধ্যমে বিকৃত/বাতিলকৃত ১০০% প্রাইজবন্ড হাতে/কাউন্টিং মেশিনে গণনা করতে হবে।
- ৩। উক্ত প্রাইজবন্ড গণনা কালে যদি ঘাটতি পাওয়া যায় তবে তার মূল্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাদের নিকট হতে আদায় করে সরকারী হিসাব নং-০৯০০(কোড নং-০১/০৯৩৮/০০০০/২৬৮১) খাতে জমা দিতে হবে। গণনাকালে যদি অতিরিক্ত বন্ড পাওয়া যায় তাহলে উহাও ধ্বংস করতে হবে। নোট ঘাটতি/অতিরিক্ত পাওয়ার বেলায় যে ধরণের প্রশাসনিক ব্যবস্থা নেয়া হয় তা এক্ষেত্রেও প্রযোজ্য হবে।
- ৪। বিকৃত/বাতিলকৃত প্রাইজবন্ডসমূহ ধ্বংসকরণের ক্ষেত্রে কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রাইজবন্ডের নম্বর, সিরিজ নম্বর, ইস্যুর তারিখ ও স্থান ইত্যাদি সম্বলিত সংরক্ষিত রেকর্ড যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষা করতে হবে।
- ৫। প্রাইজবন্ড ধ্বংসের প্রাক্কালে প্রয়োজনে ভেরিফিকেশন শাখায় ব্যবহৃত ফরম/রেজিস্টার যথাযথ সংশোধন পূর্বক ব্যবহার করা যেতে পারে।
- ৬। কমিটির সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত ধ্বংসকার্য বাস্তবায়ন প্রতিবেদন অত্র বিভাগ এবং মতিঝিল অফিসে প্রেরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোন নং-৯৫৩০১৩১